

**হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

স্মারক নং : ০৫.৪২.১৯৩৩.০০১.০০.০০১.২০২২- ৩০৮

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা সদর দক্ষিণ উপজেলাধীন নিম্নলিখিত হাট-বাজার ১৪২৯ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে আহ্বান ইজারাদার/ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। হাট-বাজার ইজারার দরপত্র জেলা প্রশাসকের কার্যালয় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ২.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) গৃহীত দরপত্রগুলো খোলা হবে।

হাট-বাজার ডাকের দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), কুমিল্লা সদর দক্ষিণ এর কার্যালয়, সোনালী ব্যাংক লি: উপজেলা শাখা এবং কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা হতে আহ্বানী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করতে পারবেন। হাট-বাজার ইজারার বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালে জানা যাবে।

ক্রঃ নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	কাংখিত সরকারি মূল্য	১ম পর্যায়ে দাখিলের তাং ০৮/০৩/২০২২	২য় পর্যায়ে দাখিলের তাং ১৪/০৩/২০২২	৩য় পর্যায়ে দাখিলের তাং ২১/০৩/২০২২	সিডিউল মূল্য
০১	বিজয়পুর বাজার	বারপাড়া	৭,০০,০০০/-	"	"	"	২,২০০/-
০২	লালমাই বাজার	বারপাড়া	৪৫,৫০০/-	"	"	"	৫০০/-
০৩	পিপুলিয়া বাজার	বারপাড়া	২৩১০০/-	"	"	"	৫০০/-
০৪	কালির বাজার	গলিয়ারা	২,৮৫৬/-	"	"	"	৫০০/-
০৫	কনেশতলা বাজার	গলিয়ারা	১৬৬৬০/-	"	"	"	৫০০/-
০৬	মথুরাপুর বাজার	জোড়কানন পূর্ব	৩১০০/-	"	"	"	৫০০/-
০৭	তালপট্টা বাজার	জোড়কানন পূর্ব	২১৫০/-	"	"	"	৫০০/-
০৮	শিবের বাজার	বিজয়পুর	৫৩০০/-	"	"	"	৫০০/-

১ম পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ০৮/০৩/২০২২ খ্রিঃ, ২য় পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ১৪/০৩/২০২২ খ্রিঃ এবং ৩য় পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ২১/০৩/২০২২ খ্রিঃ।

**"শর্তাবলী"**

- ০১। দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা এহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে তা জামানত হতে কর্তন হবে। ইজারার মেয়াদ সন্তোষজনক ভাবে সমাপ্ত হলে জামানতের ৫% অর্থ ইজারা এহীতার বরাবর প্রত্যাপন করা হবে।
- ০২। দরপত্র অনুমোদন প্রাপ্তির ০৭ দিনের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ ১৫% ভ্যাট ও ৫% আয়কর জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা দিতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারার জন্য দরপত্র আহ্বান করা হবে। সমুদয় টাকা পরিশোধ না করা পর্যন্ত বাজারের দখল বুঝিয়ে দেওয়া হবে না।
- ০৩। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ বা চুক্তি পত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায় তবে তার ইজারা বাতিল বলে গণ্য হবে এবং উক্ত হাটবাজারটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। ইজারাদারকে সরকার কর্তৃক অনুমোদিত রেটে টোল আদায় করতে হবে।
- ০৫। হাট-বাজারটির ইজারার মেয়াদ চুক্তি সম্পাদনের তারিখ হতে ১৪২৯ বঙ্গাব্দের ৩০ শে চৈত্র পর্যন্ত বলবত থাকবে।
- ০৬। ১ম বারের দরপত্রের মাধ্যমে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না পরবর্তীতে উল্লিখিত তারিখ অনুযায়ী দরদাতাগণের দরপত্র দাখিল করতে পারবেন। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগের অনুরোধ করা হলো।
- ০৭। দরপত্রের টাকা অংকে এবং কথায় লিখতে হবে। কোন প্রকার ত্রুটিযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৮। ইজারাদার নিজ খরচে চুক্তিনামা সম্পাদন করবেন।
- ০৯। কর্তৃপক্ষ কোন কারণদর্শনো ব্যতিরেকে সর্বোচ্চ দর গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



শুভাশিস ঘোষ  
উপজেলা নির্বাহী অফিসার  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং : ০৫.৪২.১৯৩৩.০০১.০০.০০১.২০২২

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ।

অনুলিপি: সদর অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা
- ০৩। সহকারী কমিশনার(ভূমি), কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ০৪। উপজেলা .....অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা
- ০৫। অফিসার ইনচার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা।
- ০৬। সাব-রেজিস্ট্রার, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
- ০৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
- ০৮। চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ(সকল), কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা। মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .....(সকল) কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা। সংশ্লিষ্ট এলাকায় মাইক যোগে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সভাপতি/সম্পাদক, ..... বাজার কমিটি, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
- ১১। সম্পাদক, দৈনিক রূপসী বাংলা উপরোক্ত বিজ্ঞপ্তি তার প্রতিকায় স্বল্প পরিসরে আগামী ০১/০৩/২০২২ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।